রাজার বেশে বিদায় নিলেন আরুদুজ্জামান

টানা চতুর্থ বারের মতো বঙ্গবন্ধু আন্তর্জাতিক কাবাডি টুর্নামেন্টের শিরোপা জেতেন লাল-সবুজের প্রতিনিধিরা। ফাইনালে হিমালয়ের দেশ নেপালকে ৪৫-৩১ পয়েন্টের বড় ব্যবধানে হারায় বাংলাদেশ। এই ম্যাচের মধ্য দিয়ে নিজের কাবাডি ক্যারিয়ারকে বিদায় জানিয়েছে দিয়েছেন বাংলাদেশ দলের অধিনায়ক আরুদুজ্জামান মুন্সী।

মিরপুর শহীদ সোহরাওয়ার্দী ইনডোর স্টেডিয়ামে গতকাল ফাইনাল ম্যাচ দেখতে উপস্থিত ছিলেন প্রায় ১৫ হাজার দর্শক। এদিন টানা চতুর্থ বারের মতো এই টুর্নামেন্টে শিরোপাজয়ের পর যখন সব খেলোয়াড় উল্লাসে মাতোয়ারা, তখন ব্যতিক্রম ছিলেন অধিনায়ক আরুদুজ্জামান। তার চোখ তখন অশ্রুসিক্ত। প্রত্যেক খেলোয়াড়ের জীবনের সবচেয়ে কঠিনতম দিন এটিই। তখন তাকে দেখে মনে পড়ে যায় সেই বিখ্যাত লাইন, ‘চলে যেতে মন নাহি চায়, তবু চলে যেতে হয়।’

ম্যাচ শেষে সতীর্থদের কাঁধে চড়ে পুরো মাঠ প্রদক্ষিণ করেন আরুদুজ্জামান। তখন তার গলায় ছিল গাধা ফুলের মালা, হাতে ছিল ফুলের তোড়া। তখন তাকে দেখে মনে হচ্ছিল রাজ্য জয় করে সৈনিকের কাঁধে চড়ে ফিরছেন কোনো অপরাজিত রাজা। তবে এই একটি দিক দিয়ে নিজেকে ভাগ্যবান মনে করতেই পারেন আরুদুজ্জামান। কেননা, বাংলাদেশের ক্রীড়াঙ্গনে মাঠ থেকে সতীর্থদের কাঁধে চড়ে এমন মধুর বিদায় নেওয়ার নজির খুবই কম।

ফাইনালের সেরা খেলোয়াড়ের পুরস্কার ওঠে আরুদুজ্জামানের হাতে। তখনো তার চোখে দেখা যায় বিদায়ের অশ্রু। ম্যাচসেরার পুরস্কার নেওয়ার পর তিনি কান্নামিশ্রিত কণ্ঠে বলেন, ‘গতকাল সারা রাত ঘুমাতে পারিনি। লাল-সবুজের জার্সি পরে আর খেলব না—এটা ভেবে খুব কষ্ট হচ্ছিল। আজ হোক কাল হোক, তার পরও তো বিদায় নিতে হবেই। শেষ পর্যন্ত সুন্দরভাবে বিদায় নিতে পেরেছি, এজন্য আমি খুশি।’

এর আগে ২০০৯ সালে কাবাডি জাতীয় দলের হয়ে অভিষেক হয় আরুদুজ্জামানের। ১৫ বছরের দীর্ঘ ক্যারিয়ারে ইন্দোর এশিয়ান গেমস, ২০১০ এসএ গেমস, এশিয়ান গেমস, ইন্দো-বাংলাদেশ গেমস, ২০১৪ বিচ গেমস, এশিয়ান গেমস, প্রো-কাবাডি, ২০১৬ এসএ গেমস, ২০১৬ বিশ্বকাপ,

প্রো-কাবাডি, ২০১৮ এশিয়ান গেমস এবং ২০২১-২০২৪ পর্যন্ত চারটি বঙ্গবন্ধু কাপ কাবাডি টুর্নামেন্টের শিরোপা জিতেছেন তিনি।

সূত্র: ইত্তেফাক

ব্যালন ডি’অর ডাকছে ব্রাজিলিয়ান ভিনিসিয়ুসকে

বয়সটা মাত্র ২৪ ছুঁইছুঁই। ইতিমধ্যে দুটি চ্যাম্পিয়নস লিগ শিরোপা হাতে তুলেছেন। দুটি ম্যাচেরই ফাইনালে পেয়েছেন গোলের দেখা। গত পরশু রাতে ইংল্যান্ডের মাটিতে দ্বিতীয় শিরোপার ছোঁয়া পেয়েছেন এই ব্রাজিলিয়ান। এরপরে ব্যালন ডি’অরের সংক্ষিপ্ত তালিকায় ভিনিসিয়ুস জুনিয়রের নাম না আসার কোনো কারণ নেই। কোপা আমেরিকায় ব্রাজিলের জার্সিতে ফর্ম ধরে রাখতে পারলে তার হাতেই উঠতে পারে ব্যালন ডি’অরের কাঙ্ক্ষিত শিরোপা।

২০২৩-২৪ মৌসুমে ৬টি গোল করেছেন ভিনি। অ্যাসিস্ট করেছেন ৫টিতে। টুর্নামেন্টটিতে তার থেকে বেশি গোল রয়েছে বায়ার্ন মিউনিখের হ্যারি কেইন ও পিএসজির কিলিয়ান এমবাপ্পের। ফরাসি ও ইংলিশ তারকার গোল ৮টি। এই মৌসুমে সবমিলিয়ে ২৪টি গোল ও ১১টি অ্যাসিস্ট করেছেন ভিনিসিয়ুস। সবচেয়ে বড় কথা লা লিগার পাশাপাশি চ্যাম্পিয়নস লিগের শিরোপা উঠেছে তার হাতে। তাতে কোপাতে ভালো কিছু করতে পারলে সবাইকে পিছে ফেলে উঠে আসতে পারেন ব্যালন ডি’অরের একক দাবিদার হিসেবে।

১৫তম শিরোপা জেতার পরে রিয়াল মাদ্রিদের কোচ কার্লো আনচেলত্তি বলেছেন, ‘ভিনি ব্যালন ডি’অরের দাবিদার। আমি মনে করি, এটা নিয়ে কোনো সন্দেহ নেই।’ ক্লাব সভাপতি ফ্লোরেন্তিনো পেরেজও বলেছেন একই কথা। তার মতে, ভিনিসিয়ুসেরই এই পুরস্কার জেতা উচিত। এ দিকে ব্রাজিল কিংবদন্তি রোনালদো নাজারিও সামাজিকমাধ্যমে তেমন কিছুর ইঙ্গিত দিয়েছেন। ভিনির ছবি ও নাম যুক্ত করে সাবেক বিশ্বচ্যাম্পিয়ন লিখেছেন, ‘সোনালী বলের অপেক্ষা!’ এবার সেই অপেক্ষা কতটুকু বাস্তবে পরিণত হয়, সেই অপেক্ষাতে রয়েছেন ভক্তরা।

সূত্র: ইত্তেফাক

ঝিনাইদহে কাবাডি প্রতিযোগিতা অনুষ্ঠিত

ক্রীড়া পরিদপ্তরের বার্ষিক ক্রীড়া কর্মসূচি-২০২৩-২৪ এর আওতায় ঝিনাইদহের হরিণাকুন্ডুতে কাবাডি প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে।

জেলা ক্রীড়া অফিসের আয়োজনে হরিণাকুন্ডু উপজেলার পোড়াহাটি মাধ্যমিক বিদ্যালয় মাঠে এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

জেলা ক্রীড়া অফিসার মিজানুর রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন হরিণাকুন্ডু উপজেলা চেয়ারম্যান জাহাঙ্গীর হোসাইন।

এছাড়াও উপস্থিত ছিলেন বাংলাদেশ টেলিভিশনের জেলা প্রতিনিধি পিন্টু লাল দত্ত, জেলা শিশু বিষয়ক কর্মকর্তা আয়ুব হোসেন, ঝিনাইদহ টিসিবি’র সহকারী পরিচালক আতিকুর রহমান, পোড়াহাটি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুল লতিফ,, উপজেলা ও জেলা ক্রীড়া অফিস সহ জেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা বৃন্দ। এতে অংশগ্রহণ করে উজেলার ৪টি বিদ্যালয়। প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হয় পোড়াহাটি মাধ্যমিক বিদ্যালয় কাবাডি দল।

তাইপের কাছে হারলো বাংলাদেশ সাফ জয়ী নারীদল

ফিফার টায়ার-১ আন্তর্জাতিক প্রীতি ম্যাচে চাইনিজ চাইপের কাছে পাত্তাই পায়নি বাংলাদেশের নারী ফুটবল দল। সাফ জয়ী এই দলটি ৪-০

গোলে হেরেছে তাইপের নারীদের কাছে। একই দলের বিপক্ষে বাংলাদেশের দ্বিতীয় ম্যাচটি হবে ৩ জুন। ঢাকায় বসুন্ধরা কিংসের মাঠে অনুষ্ঠিত ম্যাচ শুরু হওয়ার আগেই অনুমেয় ছিল বাংলাদেশ পেরে উঠবে না।

চাইনিজ তাইপের খেলোয়াড়দের শারীরিক সামর্থ্য আর বাংলাদেশের সামর্থ্যের মধ্যে ব্যবধান রয়েছে। তার ওপর দুই দলের র্যাংকিংয়ের পার্থক্য তো আছেই। চাইনিজ তাইপের সর্বশেষ র্যাংকিং ৪০। আর বাংলাদেশ নারী দলের র্যাংকিং ১০০। এই হিসাবটাও বলে দেয় সাবিনারা কত দূর লড়াই করতে পারে।

কালকের ম্যাচে একাদশে রাইট উইংয়ে ছিলেন না সানজিদা খাতুন, মারিয়া মান্ডা। ইনজুরিতে ছিলেন। আগেই দলে নেই কৃষ্ণা রাণী সরকার। সাফে খেলা সিরাত জাহান স্বপ্না, আঁখি খাতুন জাতীয় দল ছেড়েছেন, সাবিনাদের নতুন কোচ পিটার বাটলার কালই প্রথম জাতীয় দলে নিয়ে মাঠে গেলেন। খেলা শেষে জানালেন কোথায় কোয় বুল ছিল। সেগুলো কাটিয়ে ওঠার জন্য কাজ করতে চান তিনি।

সূত্র: ইত্তেফাক

আগামীকাল ভারতের বিপক্ষে মাঠে নামছে বাংলাদেশ

টি-টোয়েন্টি বিশ্বকাপের আগে দ্বিতীয় ও শেষ অফিসিয়াল প্রস্তুতি ম্যাচে ভারতের বিপক্ষে মাঠে নামবে বাংলাদেশ। শনিবার (১ জুন) নিউ ইয়র্কের নাসাউ কাউন্টি আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়ামে মাঠে নামবে এই দু’দল। ম্যাচটি শুরু হবে বাংলাদেশ সময় রাত ৮টা ৩০ মিনিটে।

বৈরি আবহাওয়ায় অবকাঠামো অবনতির কারণে স্বাগতিক যুক্তরাষ্ট্রের বিপক্ষে বাংলাদেশের প্রথম প্রস্তুতিমূলক ম্যাচটি পরিত্যক্ত হয়েছিলো। বিশ্বকাপের প্রস্তুতি ম্যাচের আগে তিন ম্যাচের সিরিজে যুক্তরাষ্ট্রের কাছে ২-১ ব্যবধানে হেরেছিল বাংলাদেশ। সিরিজ হারের লজ্জায় স্বাভাবিকভাবে বাংলাদেশের আত্মবিশ্বাসে চিড় ধরে। প্রথম

প্রস্তুতি ম্যাচে যুক্তরাষ্ট্রের বিপক্ষে জিতে আত্মবিশ্বাস ফিরে পেতে মরিয়া ছিল টাইগাররা। কিন্তু বৈরি আবহাওয়ার কারনে মাঠে নামার সুযোগ পায়নি তারা।

যুক্তরাষ্ট্রের কাছে দলের লজ্জাজনক হারের কারণে উদ্বিগ্ন নন বাংলাদেশের অলরাউন্ডার সাকিব আল হাসান। তার মতে, আসন্ন বিশ্বকাপে ভালো করার সুযোগ আছে বাংলাদেশের। টুর্নামেন্টের দুই আয়োজক দেশ যুক্তরাষ্ট্র এবং ওয়েস্ট ইন্ডিজের মাটিতে ঘরের কন্ডিশনের মতই সুবিধা পাবে টাইগাররা।

বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) ধারাবাহিক ভিডিও সিরিজ ‘দ্য গ্রিন রেড স্টোরি’তে সাকিব বলেন, ‘যুক্তরাষ্ট্র ও ওয়েস্ট ইন্ডিজে আমরা আগেও খেলেছি। এর আগে ফ্লোরিডায় যখন খেলেছি, ভালো করেছে বাংলাদেশ। ওয়েস্ট ইন্ডিজে আমরা সব সময়ই সুবিধা পাই। কারণ উইকেট অনেকটা আমাদের মতোই হয়ে থাকে। আমি আশা করছি, দুই জায়গাতেই আমরা সুবিধা পাবো।’

দলের সেরা তারকা বিরাট কোহলিকে ছাড়াই নিজেদের একমাত্র প্রস্তুতিমূলক ম্যাচ খেলবে ভারত। টুর্নামেন্টের আগে সতেজ থাকতে প্রস্তুতি ম্যাচে খেলবেন না কোহলি। প্রায় দুই মাসের আইপিএল শেষে বিশ্বকাপের মঞ্চে পা দিয়েছে ভারত। একমাত্র প্রস্তুতি ম্যাচ দিয়ে বিশ্বকাপের জন্য নিজেদের ঝালিয়ে নেওয়ার সুযোগ পাচ্ছে রোহিত শর্মার দল।

সূত্র: ইত্তেফাক

টি-টোয়েন্টি বিশ্বকাপে হামলার শঙ্কা ভারত-পাকিস্তান ম্যাচে

দরজায় কড়া নাড়ছে টি-টোয়েন্টি বিশ্বকাপ। চলতি মাসেই বিশ্বকাপে সন্ত্রাসী হামলার হুমকি দিয়েছিল জঙ্গি সংগঠন ইসলামি স্টেট বা আইএস। যার কারণে বিশ্বকাপের সবচেয়ে হাইভোল্টেজ ভারত-পাকিস্তান ম্যাচে নিরাপত্তা জোরদার করা হয়েছে।

আগামী ৯ জুন নিউইয়র্কের আইজেনহাওয়ার পার্ক স্টেডিয়ামে অনুষ্ঠিত হবে ভারত ও পাকিস্তানের মধ্যেকার হাইভোল্টেজ ম্যাচটি। এই ভেন্যুতে ৩ জুন থেকে ১২ জুন পর্যন্ত আটটি ম্যাচ অনুষ্ঠিত হবে। নিউইয়র্ক রাজ্যের গভর্নর ক্যাথি হোচুল জানিয়েছে, ম্যাচগুলো যেন ঠিকমতো অনুষ্ঠিত হয়, সে জন্য আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে সঙ্গে নিয়ে মাসের পর মাস কাজ করে যাচ্ছে তার প্রশাসন।

তিনি বলেন, ‘এই সময়ে কোন বিশ্বাসযোগ্য জন নিরাপত্তা হুমকি নেই। আমি নিউইয়র্ক স্টেট পুলিশকে উপস্থিতি বাড়াতে, উন্নত নজরদারি এবং পুঙ্খানুপুঙ্খ স্ক্রিনিং প্রক্রিয়া সহ উন্নত নিরাপত্তা ব্যবস্থায় নিয়োজিত করার নির্দেশ দিয়েছি। জন নিরাপত্তা আমার সর্বোচ্চ অগ্রাধিকার এবং আমরা ক্রিকেট বিশ্বকাপ নিরাপদ ও উপভোগ্য করতে প্রতিশ্রুতিবদ্ধ।’

ইএসপিএন ক্রিকইনফো জানিয়েছে, কর্তৃপক্ষ হুমকির প্রতি সমর্থনমূলক এমন কোনো প্রমাণ এখনো পায়নি, যা দেখে হুমকিকে গুরুত্বের সঙ্গে নেওয়া যায়। তবে আইসিসি জানিয়েছে, নিউইয়র্কের ভেন্যু ছাড়াও অন্য ভেন্যুগুলোতেও নিরাপত্তা জোরদার করা হবে।

আইসিসির এক মুখপাত্র বলেন, ‘সবার নিরাপত্তা নিশ্চিত করাই আমাদের প্রথম অগ্রাধিকার। আমাদের খুব ভালো এবং শক্তিশালী নিরাপত্তাব্যবস্থা আছে। এই আয়োজনে যেকোনো ধরনের ঝুঁকি কমাতে বৈশ্বিক পরিস্থিতিতে নজর রাখার পাশাপাশি আয়োজক দেশের কর্তৃপক্ষের সঙ্গেও নিবিড়ভাবে কাজ করা হচ্ছে।’

সূত্র: ইত্তেফাক

আইসিসির স্বীকৃতি পেল মেজর লিগ ক্রিকেট

দিন দিন বেশ জনপ্রিয়তা পাচ্ছে ফ্র্যাঞ্চাইজি ক্রিকেট। টি-টোয়েন্টি ফ্র্যাঞ্চাইজিভিত্তিক লিগগুলোর মধ্যে ভারতের আইপিএল, বাংলাদেশের বিপিএল, শ্রীলঙ্কার এলপিএল, পাকিস্তানের পিএসএল এবং

ওয়েস্ট ইন্ডিজের সিপিএল লিস্ট ‘এ’ মর্যাদা পেয়ে আসছে। এবার তাদের কাতারে যুক্ত হলো যুক্তরাষ্ট্রের মেজর লিগ ক্রিকেট (এমএলসি)। আইসিসির স্বীকৃতি পেয়েছে এই ফ্রাঞ্চাইজি ক্রিকেট লিগ। তাই এখন থেকে লিস্ট ‘এ’ মর্যাদা ভোগ করবে এমএলসি।

এর আগে, লিস্ট মর্যাদা পাওয়ার জন্য আইসিসির শর্ত ছিল আয়োজক দেশগুলোকে টেস্ট খেলুড়ে দেশ হতে হবে। তবে সম্প্রতি এই শর্ত শিথিল করেছে বিশ্ব ক্রিকেটের নিয়ন্ত্রক সংস্থা। গত ডিসেম্বরে সংযুক্ত আরব আমিরাতের আইএল টি-টোয়েন্টি লিগকে লিস্ট ‘এ’ মর্যাদা দেওয়ার পর এবার এমএলসি পেয়েছে এই মর্যাদা।

আইসিসির স্বীকৃতি পেয়ে বেশ রোমাঞ্চিত মেজর লিগ ক্রিকেটের পরিচালক জাস্টিন গেয়ালে। তিনি ইএসপিএন ক্রিকইনফোকে বলেছেন, ‘আমরা এ খবরটিতে সত্যি খুব রোমাঞ্চিত। এটা আসলে এই টুর্নামেন্টে খেলা খেলোয়াড়দের উচ্চ মানেরই স্বীকৃতি। এর ফলে যুক্তরাষ্ট্রে খেলাধুলার গ্রহণযোগ্যতা অনেকখানি বাড়বে।’

লিস্ট ‘এ’ মর্যাদা পাওয়ার ফলে মেজর লিগ ক্রিকেট এখন থেকে অফিসিয়াল টি-টোয়েন্টি লিগ হিসেবে বিবেচিত হবে। এর ফলে মেজর লিগ ক্রিকেটের সকল রেকর্ড ও পরিসংখ্যান এখন থেকে আন্তর্জাতিকভাবে স্বীকৃত ফরম্যাটের অধীনে গণ্য হবে।

এমএলসি এক বিবৃতিতে বলেছে, ‘এখন প্রতিটি সেঞ্চুরি, হাফ-সেঞ্চুরি, ‘ফাইভ-ফর’, রান আউট, জয়, পরাজয় এবং চ্যাম্পিয়নশিপ খেলার আন্তর্জাতিকভাবে স্বীকৃত ফরম্যাটে অফিসিয়াল ক্যারিয়ার পরিসংখ্যান হিসাবে নথিভুক্ত করা হবে।’ এছাড়াও লিস্ট-এ স্ট্যাটাসটি এমএলসি-এর সফল উদ্বোধনী মৌসুমের পরে আসে এবং যুক্তরাষ্ট্রে প্রিমিয়ার ক্রিকেট প্রদানের জন্য তার অটুট উৎসর্গের ওপর জোর দেয়।’

এমএলসি এর দ্বিতীয় সিজনের ম্যাচগুলো আগামী ৫ জুলাই থেকে শুরু হবে, টি-টোয়েন্টি বিশ্বকাপ শেষ হওয়ার এক সপ্তাহের মধ্যেই। এই মৌসুমে এলএ নাইট রাইডার্সের হয়ে খেলবেন বাংলাদেশের সাকিব আল হাসান।

সূত্র: ইত্তেফাক

বিশ্বকাপে ভারত ফেভারিট– মরগান

দরজায় কড়া নাড়ছে টি-টোয়েন্টি বিশ্বকাপ। আগামী ২ জুন পর্দা উঠবে টি-টোয়েন্টি বিশ্বকাপের নবম আসরের। বিশ্বকাপ শুরুর আগেই ভবিষ্যদ্বাণী করছেন ক্রিকেট বিশ্লেষকরা। এবারের বিশ্বকাপে ভারতকে ফেভারিট মনে করেছেন ইংল্যান্ডের হয়ে ওয়ানডে বিশ্বকাপ জয়ী অধিনায়ক ইয়ন মরগান।

বিশ্বকাপজয়ী সাবেক এই ইংলিশ অধিনায়ক বলেন, ‘ইনজুরি সমস্যা থাকার পরেও নিঃসন্দেহে এবারের বিশ্বকাপের সবচেয়ে শক্তিশালী দল ভারত। কাগজে-কলমে শক্তিমত্তার বিচারে তারা এবার অপ্রতিরোধ্য। তারা নিজেদের সামর্থ্য অনুযায়ী খেলতে পারলে যে কোনো দলকে হারানো সম্ভব।’

এবারের বিশ্বকাপে ভারত আছে ‘এ’ গ্রুপে। ৫ জুন নিউইয়র্কে আয়ারল্যান্ডের বিপক্ষে ম্যাচ দিয়ে নিজেদের বিশ্বকাপ অভিযান শুরু করবে ভারত। ৯ তারিখ আসরের সবচেয়ে হাই ভোল্টেজ ম্যাচে পাকিস্তানের বিপক্ষে খেলবে তারা।

সূত্র: ইত্তেফাক

প্রথম বাংলাদেশি বক্সার হিসেবে উৎসবের বাজিমাত

দেশে বক্সিং নিয়ে সবচেয়ে বড় আয়োজন ‘বেক্সিমকো এক্সেল বক্সিং চ্যাম্পিয়নশিপ (এক্সবিসি) ৩.০’ অনুষ্ঠিত হয়েছে। শনিবার (২৫ মে) রাজধানীর ইন্টারকন্টিনেন্টাল হোটেলে অনুষ্ঠিত প্রতিযোগিতায় প্রথমবারের মতো বক্সিংয়ে মর্যাদাবান ডাব্লুবিসি (ওয়ার্ল্ড বক্সিং কাউন্সিল) বেল্টের জন্য অংশ নিয়েছিলেন কোন বাংলাদেশে

বক্সার। প্রথমবার অংশ নিয়েই বাজিমাত করেছেন ২০ বছর বয়সী বক্সার উৎসব আহমেদ।

এবারের এই বক্সিং প্রতিযোগিতায় মোট ১১টি ম্যাচ অনুষ্ঠিত হয়েছে। ইরান, ভারত, তানজানিয়া এবং চীন থেকে আসা মোট ২২ জন বক্সার অংশ নিয়েছেন। রাতের শেষ ম্যাচে ‘ডাব্লুবিসি এশিয়া সিলভার সুপার ফ্লাইওয়েট’ শিরোপা জিতে নেন বাংলাদেশের উৎসব। সুপার ফ্লাইওয়েট বিভাগে ভারতীয় বক্সার মাজহার হুসেনকে হারিয়েছেন উৎসব।

আট রাউন্ডের এই বাউটের লড়াই শুরু থেকেই দর্শকদের মাতিয়ে রাখে। উত্তেজনাপূর্ণ এই ম্যাচটিতে দুই প্রতিপক্ষই খেলে যান সমানতালে। তবে শেষ হাসি হাসে বাংলাদেশের উৎসব।

সূত্র: ইত্তেফাক

টাইগার্স স্কোয়াড থেকে নিজেকে সরিয়ে নিলেন সাইফুদ্দিন

টি-টোয়েন্টি বিশ্বকাপের দল থেকে শেষ মুহূর্তে বাদ পড়েন অলরাউন্ডার মোহাম্মদ সাইফুদ্দিন। তবে এই অলরাউন্ডারকে নিয়ে বাংলাদেশ টাইগার্সের স্কোয়াড ঘোষণা করে বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি)। কিন্তু ব্যক্তিগত কারণে স্কোয়াড থেকে নাম প্রত্যাহার করেছেন সাইফুদ্দিন।

বিষয়টি গণমাধ্যমকে নিশ্চিত করেছেন বিসিবির প্রধান নির্বাচক গাজী আশরাফ হোসেন লিপু। তিনি বলেন, ‘সাইফউদ্দিন আমাদের টাইগার্স দলের সঙ্গেই ছিল। এর মধ্যে ৬ জনকে আমরা বিশেষ একটা নির্দেশনা দিয়েছি, যেন সেসব খেলোয়াড়কে সাদা বলের ট্রেনিংয়ে রাখা হয়। অন্যরা ফিজিক্যালের পাশাপাশি লাল বলের ট্রেনিং–ও করবে।’

প্রধান নির্বাচক আরও বলেন, ‘দুর্ভাগ্যজনক এই মুহূর্তে আমরা একটা ইমেইল পেয়েছি। সাইফউদ্দিন ফোনও করেছিল, জানিয়েছে পারিবারিক কারণে এই ক্যাম্পে থাকতে পারছে না। তার স্ত্রী অসুস্থ এবং

সন্তানসম্ভবা। সে কারণে তিনি জুনের ১০ তারিখ পর্যন্ত আমাদের এই ক্যাম্পে জয়েন করতে পারবে না, ছুটি চেয়েছেন। সেজন্য তার পাশাপাশি আমরা খালিদকে প্রস্তুত রাখার চেষ্টা করব।’

এর আগে শনিবার (২৫ মে) এক বিবৃতিতে ২১ সদস্যের টাইগার্স স্কোয়াড ঘোষণা করে বিসিবি। এই দলে আছেন অভিজ্ঞ মুশফিকুর রহিম, মুমিনুল হক ও মেহেদি হাসান মিরাজের মতো ক্রিকেটাররা।

বাংলাদেশ টাইগার্স স্কোয়াড: সাদমান ইসলাম, জাকির হাসান, মাহমুদুল হাসান জয়, পারভেজ হোসেন ইমন, এনামুল হক বিজয়, মুশফিকুর রহিম, মুমিনুল হক, শাহদাত হোসেন দিপু, নুরুল হাসান সোহান, মাহিদুল ইসলাম অঙ্কন, মেহেদী হাসান মিরাজ, মোহাম্মদ সাইফউদ্দিন, তাইজুল ইসলাম, নাঈম হাসান, হাসান মুরাদ, নাসুম আহমেদ, খালেদ আহমেদ, মুশফিক হাসান, নাহিদ রানা, রেজাউর রহমান রাজা এবং আবু হায়দার রনি।

সূত্র: ইত্তেফাক